

ওরে চিত্রেখাডোরে বাঁধিল কে— বহু-পূর্বস্মৃতিসম হেরি ওকে ।
 কার তুলিকা নিল মল্লে জিনি এই মঞ্জুল রূপের নির্ঝরিণী— স্থির নির্ঝরিণী ।
 যেন ফাল্গুন-উপবনে শুরুরাতে দোলপূর্ণিমাতে
 এল ছন্দমুরতি কার নব-অশোকে ॥
 নৃত্যকলা যেন চিত্রে-লিখা
 কোন্ স্বর্গের মোহিনী-মরীচিকা ।
 শরৎ-নীলাম্বরে তড়িৎলতা কোথা হারাইল চঞ্চলতা ।
 হে স্তম্ভবাণী, করে দিবে আনি নন্দনমন্দারমাল্যখানি— বরমাল্যখানি
 প্রিয়-বন্দনাগান-জাগানো রাতে
 শুভ দর্শন দিবে তুমি কাহার চোখে ?।

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Khambaj
 Visit www.geetabitan.com for notation and other detail